**বাংলাদেশ ব্যাংক**
(Central Bank of Bangladesh)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা ১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

**ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন**

**ডিওএস সার্কুলার লেটার নং-২৭**

**তারিখঃ ১৯ অগ্রহায়ণ ১৪৩০ / ৪ ডিসেম্বর ২০২৩**

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**ব্যাংক কোম্পানির ধারণকৃত ট্রেজারি বিল ও বন্ডের Mark-to-Market ভিত্তিক পুনঃমূল্যায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ২৬ মে ২০০৮ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-০৫, ২৮ জানুয়ারি ২০০৯ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-০৫ এবং ৭ অক্টোবর ২০২১ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-৪২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। সরকারি সিকিউরিটিজের একটি কার্যকর সেকেন্ডারি মার্কেট প্রতিষ্ঠার ক্ষেত্রে প্রাইমারি ডিলার (পিডি) ব্যাংকসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এ পর্যায়ে সরকারি সিকিউরিটিজের ইস্যু পরবর্তী ক্রয়-বিক্রয় আরও উৎসাহিত করা ও একটি অধিক সক্রিয় সেকেন্ডারি মার্কেট গড়ে তোলার লক্ষ্যে ব্যাংক কর্তৃক ধারণকৃত ট্রেডিং সিকিউরিটিজ ও তাদের Mark-to-Market ভিত্তিক পুনঃমূল্যায়ন ক্ষেত্রে উপর্যুক্ত সার্কুলার লেটারসমূহের কতিপয় নির্দেশনা পরিমার্জন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

**প্রাইমারি ডিলার (পিডি) ব্যাংকের জন্য নির্দেশনা:**

১. সকল ক্ষেত্রে পিডি ব্যাংকসমূহকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময় সময় নির্ধারিত Turnover Volume অনুযায়ী সেকেন্ডারি ট্রেডিং সম্পন্নের জন্য পর্যাপ্ত সিকিউরিটিজ এবং Two Way Price Quote দাখিলের জন্য পর্যাপ্ত পরিমাণ Benchmark Securities ধারণ করতে হবে। সিকিউরিটিজের প্রাইমারি ও সেকেন্ডারি বাজার উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত নীতিমালা অনুসরণ করতে হবে।

২. কোনো পিডি ব্যাংকের Held-for-Trading (HFT) অংশে ধারণকৃত ট্রেডিং সিকিউরিটিজের ত্রৈমাসিক গড় ব্যাংকটির ধারণকৃত মোট সিকিউরিটিজের অন্যূন ২০(বিশ) শতাংশ হতে হবে। তবে, কোনো ব্যাংকের ধারণকৃত মোট সিকিউরিটিজের পরিমাণ প্রয়োজনীয় SLR-এর সমান বা কম হলে উক্ত ন্যূনতম সীমাটি তার ক্ষেত্রে ঐ সময়ের জন্য প্রযোজ্য হবে না।

৩. বর্তমানে কোনো পিডি ব্যাংকের HFT অংশে ধারণকৃত সিকিউরিটিজের পরিমাণ ব্যাংকটির ধারণকৃত মোট সিকিউরিটিজের ২০ শতাংশের অধিক থাকলে উদ্বৃত্ত অংশটুকু Held-to-Maturity (HTM) শ্রেণিতে স্থানান্তর করা যাবে। তবে, এ

স্থানান্তর কার্যক্রম ৩১ ডিসেম্বর ২০২৩ এর মধ্যে শুধু ১ বার করা যাবে এবং সংযুক্ত ছক মোতাবেক এ সংক্রান্ত একটি বিবরণী এ বিভাগে দাখিল করতে হবে।

৪. ক্রমিক নং-৩ এর উদ্দেশ্য পূরণকল্পে ট্রেডিং পোর্টফলিও হতে HTM শ্রেণিতে পুনঃশ্রেণিকরণের পদ্ধতি: এরূপ পুনঃশ্রেণি করার ক্ষেত্রে কোনো সিকিউরিটিজ ৩০ জুন ২০২৩ তারিখের পূর্বে অর্জিত হলে সিকিউরিটিজটির ৩০ জুন ২০২৩ ভিত্তিক Book Value নতুন Gross Carrying Amount হিসেবে বিবেচিত হবে। অন্যথায়, সিকিউরিটিজটির Purchase Price (Clean) নতুন Gross Carrying Amount হিসেবে বিবেচিত হবে। সুদ আয় ও Amortization এর উদ্দেশ্যে পুনঃশ্রেণিকরণের সময়ের ভিত্তিতে Effective Interest Rate নির্ণয় করতে হবে এবং পুনঃশ্রেণিকরণের দিনটিই Date of Initial Recognition হিসেবে বিবেচিত হবে।

৫. নতুন Book Value-এর সাথে পুনঃশ্রেণিকরণের অব্যবহিত পূর্বের Book Value-এর পার্থক্যজনিত কারণে কোনো Gain বা Loss সৃষ্ট হলে তা সংশ্লিষ্ট সময়ের লাভ-ক্ষতি হিসাবে হিসাবভুক্ত হবে।

৬. বর্তমানে কোনো পিডি ব্যাংকের HFT অংশে ধারণকৃত সিকিউরিটিজের পরিমাণ ব্যাংকটির ধারণকৃত মোট সিকিউরিটিজের ২০ শতাংশের কম হলে ২০২৪ সালের ১ম Quarter-এর মধ্যে তা পূরণ করতে হবে।

৭. কোনো Quarter শেষে কোনো পিডি ব্যাংক মোট ধারণকৃত সিকিউরিটিজের অন্যূন ২০ শতাংশ সিকিউরিটিজ ট্রেডিং পোর্টফলিওতে ধারণ করতে ব্যর্থ হলে উক্ত Quarter-এর প্রতিদিনের ধারণকৃত মোট সিকিউরিটিজের সমষ্টির ২০ শতাংশ এবং প্রতিদিনের ধারণকৃত ট্রেডিং সিকিউরিটিজের সমষ্টির পার্থক্যের উপর ব্যাংক রেট+২ শতাংশ হারে জরিমানা আরোপ করা হবে।

৮. কোনো বছরের ৩১ মার্চ, ৩০ জুন, ৩০ সেপ্টেম্বর ও ৩১ ডিসেম্বর তারিখ Quarter-এর শেষ দিন হিসেবে গণনা করা হবে এবং Quarter শেষ হওয়ার ১০ দিনের মধ্যে ধারণকৃত ট্রেডিং সিকিউরিটিজ সংক্রান্ত একটি বিবরণী (DB-5pts) এ বিভাগে দাখিল করতে হবে।

৯. ধারণকৃত মোট সিকিউরিটিজ হিসাবের ক্ষেত্রে সকল ধরনের অনুমোদিত (SLR হিসেবে গণ্য) সিকিউরিটিজ অন্তর্ভুক্ত হবে। এক্ষেত্রে, সকল দায়-যুক্ত সিকিউরিটিজও অন্তর্ভুক্ত হবে; শুধু পুনঃক্রয় চুক্তির অধীনে বিক্রীত সিকিউরিটিজ অন্তর্ভুক্ত হবে না। ধারণকৃত মোট ট্রেডিং সিকিউরিটিজ হিসাবের ক্ষেত্রে HFT হিসেবে চিহ্নিত সকল ট্রেজারি বিল, ট্রেজারি বন্ড ও বিবি বিল অন্তর্ভুক্ত হবে। এক্ষেত্রেও, সকল দায়-যুক্ত সিকিউরিটিজ অন্তর্ভুক্ত হবে; শুধু পুনঃক্রয় চুক্তির অধীনে বিক্রীত সিকিউরিটিজ অন্তর্ভুক্ত হবে না।

১০. পিডি ব্যাংকের ধারণকৃত Remeasured সিকিউরিটিজ HTM শ্রেণিতে স্থানান্তর করতে হবে। ফলে, Remeasured শ্রেণি বা অ্যাকাউন্টটি স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে।

**নন-প্রাইমারি ডিলার (পিডি) ব্যাংকের জন্য নির্দেশনা:**

১১. নন-প্রাইমারি ডিলার ব্যাংকসমূহ তাদের HTM পোর্টফোলিও-তে প্রয়োজনীয় SLR-এর সর্বোচ্চ ১২০ শতাংশ পর্যন্ত অনুমোদিত সিকিউরিটিজ ধারণ করতে পারবে। তবে, এ সীমা ৩১ ডিসেম্বর ২০২৪ এর মধ্যে ১১০ শতাংশের মধ্যে নামিয়ে আনতে হবে।

**সকল ব্যাংকের জন্য নির্দেশনাঃ**

১২. HFT শ্রেণির কোনো ট্রেজারি বন্ডের সাপ্তাহিক পুনঃমূল্যায়নজনিত হ্রাস উক্ত বন্ডের Revaluation Reserve (যদি থাকে) এর সাথে সমন্বয় (Net-off) করা যাবে। তবে, উক্ত বন্ডের বিপরীতে কোনো Revaluation Reserve না থাকলে তা সংশ্লিষ্ট সময়ের লাভ-ক্ষতি হিসাবে হিসাবভুক্ত হবে। কোনো অবস্থাতেই এক বন্ডের ক্ষতি অন্য বন্ডের Reserve-এর সাথে সমন্বয় করা যাবে না। ট্রেজারি বিলের ক্ষেত্রে বিদ্যমান পদ্ধতি অনুসৃত হবে।

১৩. HTM অংশে ধারণকৃত সিকিউরিটিজের Amortization বছরান্তে আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে; এছাড়া আর্থিক প্রতিবেদন বা বিবরণী প্রস্তুতের নিমিত্ত বছরের অন্যান্য সময়েও Amortization করা যাবে। তবে, বছরান্তে সম্পন্ন Amortized Value-ই পরবর্তী বছরের জন্য SLR হিসেবে বিবেচিত হবে এবং শুধু বছরান্তের Amortization সংক্রান্ত তথ্যাদি ডিওএস সার্কুলার লেটার নং-০৫/২০০৮ এর নির্দেশনা মোতাবেক এ বিভাগে দাখিল করতে হবে। Amortization জনিত হ্রাস/বৃদ্ধি সংশ্লিষ্ট সময়ের লাভ-ক্ষতি হিসাবে হিসাবভুক্ত করা যাবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে। একইসাথে এতদ্দ্বারা ৭ অক্টোবর ২০২১ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-৪২ বাতিল মর্মে গণ্য হবে। এছাড়া, ডিওএস সার্কুলার লেটার নং-০৫/২০০৮ ও ডিওএস সার্কুলার লেটার নং-০৫/২০০৯-এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,


**(আরিফ হোসেন খান)**
পরিচালক (ডিওএস)
ফোনঃ ৯৫৩০০৯৩

Annexure-I

# Information Regarding Re-classification of Securities from HFT to HTM

(To be submitted within 10 days of Re-classification)

Date of Re-classification:

(Fig. in TK.)

| SL No. | ISIN | Date of Issue | Date of Purchase | Date of Maturity | Face Value | Book Value on 30 June 2023/ Purchase Price (Clean) | Book Value just before Reclassification | Profit/Loss to be Booked | New YTM |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

**Total holdings:**
**Total holdings in HFT:**
**Total holdings in HFT against total holdings (%):**
**Total re-classified amount:**

**Authorized officer**

| | |
|---|---|
| ID No: | ID No: |
| Name: | Name: |
| Designation: | Designation: |
| Phone: | Phone: |
| Mobile No: | Mobile No: |

## Information Regarding Holdings of HFT Securities DB-5 (PTS)

(To be submitted within 10 days at the end of each Quarter )

| **Date** | **Required SLR** | **Total Holdings of Securities** | **20% of Total Holdings** | **Holding of HFT Securities** | **Excess/Shortfall of HFT Securities** |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| **Total** | | | | | |

**Average holding of HFT securities (%)**

**Authorized officer**

| | |
|---|---|
| ID No: | ID No: |
| Name: | Name: |
| Designation: | Designation: |
| Phone: | Phone: |
| Mobile No: | Mobile No: |

## Statement (DB-5a) Regarding Amortization Information of HTM Securities as on 31st December

(To be submitted within 15th of the following January)

**Name of the Bank:**

(Fig. in TK.)

| SI. No. of T. Bill/T.Bond | Date of Issue | Date of Maturity | Face value | Offer value | Primary Yield (YTM) | Coupon | Amortized value (Previous) | Amortized value (Present) | Gain/Loss to be booked in P/L |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| a | b | c | d | e | f | | g | h | i=h-g |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| **Total** | | | | | | | | | |

**Authorized officer**

ID No:
Name:
Designation:
Phone:
Mobile No:

ID No:
Name:
Designation:
Phone:
Mobile No: